

সাকুলার নং- বিজিএ/এডমিন/২০২৪/৩৯

০৮ ফেব্রুয়ারী ২০২৪

সকল সম্মানিত সদস্যগণের জন্য

বিষয় : **বিজিএপিএমইএ কর্তৃক আয়োজিত 03 months professional skill development Diploma Training Program on "Customs, Customs Bond, VAT & Income Tax" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,


আসসালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে বিজিএপিএমইএ হতে প্রাপ্ত পত্র মোতাবেক আপনার দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ট্যাক্স ট্রেনিং ইনস্টিটিউট (বিটিটিআই) এর সহযোগিতায় বিজিএপিএমইএ গার্মেন্টস, গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিংসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় বিজিএপিএমইএ ইনস্টিটিউট অব প্যাকেজিং এন্ড এক্সেসরিজ (বিপা) এর উদ্যোগে ও বিটিআই এর সহযোগিতায় আগামী ২৪ ফেব্রুয়ারী থেকে ০৮ জুন ২০২৪ তিন মাসব্যাপী (সপ্তাহের প্রতি শনিবার বিকাল ৩:০০ থেকে রাত ৮:০০ টা পর্যন্ত) "Customs, Customs Bond, VAT & Income Tax" সংশ্লিষ্ট বিষয়ে একটি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে।

২। বর্ণিত প্রশিক্ষণ কোর্সের বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য বিজিএপিএমইএ হতে প্রাপ্ত পত্রটি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (১ পাতা)

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/বিটিটিআই ট্রেনিং/ফেব্রু-জুন/২০২৪/ ১৫

তারিখঃ ২৮-০১-২০২৪

জনাব ফারুক হাসান

প্রেসিডেন্ট

বিজিএমইএ

বিজিএমইএ কমপ্লেক্স, হাইজ ৭/৭, সেক্টও ১৭, উত্তরা, ঢাকা।

ইমেইল: info@bgmea.com.bd

নি: অর্ড: ১৫০/সঃ
স্বাক্ষরিত
১৫/০১/২৪

বিষয়ঃ বিজিএপিএমইএ কর্তৃক আয়োজিত 03 months professional skill development Diploma Training Program on "Customs, Customs Bond, VAT & Income Tax" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে বিজিএমইএ এর সদস্য প্রতিষ্ঠানের কাস্টমস বন্ড, ভ্যাট, ট্যাক্স, আমদানি, রপ্তানি ও ব্যাংকিং সংশ্লিষ্ট কাজে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণের ব্যবস্থাকরণ।

আসসালামুআলাইকুম,

আপনি ইতোমধ্যে অবহিত আছেন যে, বাংলাদেশ ট্যাক্স ট্রেনিং ইনস্টিটিউট (বিটিটিআই) এর সহযোগিতায় বিজিএপিএমইএ গার্মেন্টস, গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিংসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারী-কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করে আসছে। এ কর্মসূচীর অংশ হিসেবে বিজিএপিএমইএ ইনস্টিটিউট অব প্যাকেজিং এন্ড এক্সেসরিজ (বিপা) এর উদ্যোগে বিটিটিআই এর সহযোগিতায় আগামী ২৪ ফেব্রুয়ারী ০৮ জুন, ২০২৪ তিন মাস ব্যাপী (সপ্তাহের প্রতি শনিবার বিকেল ৩:০০ থেকে রাত্রি ৮:০০ টা পর্যন্ত) "Customs Bond, VAT & Income Tax." সংশ্লিষ্ট বিষয়ের উপর একটি নিবীড় প্রশিক্ষণ বিপা, ২৭৩/৩ পশ্চিম মানিকদী (৪র্থ তলা), ইসিবি চক্কর-মিরপুর ডিওইএইচএস লিংক রোড, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-য় অনুষ্ঠিত হবে (প্রশিক্ষণসূচী সংযুক্ত)। আপনার এসোসিয়েশনভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ যারা এরূপ প্রশিক্ষণের বাহিরে আছেন, তাদের এ প্রশিক্ষণে অংশগ্রহণে উদ্বুদ্ধ করে একটি পত্র সকল সদস্য প্রতিষ্ঠানসমূহের বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

রিসোর্স পারসন হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন কাজী মুস্তাফিজুর রহমান, কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট ও মহাপরিচালক, ভ্যাট অন-লাইন প্রজেক্ট, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব মো. আজিজুর রহমান, কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), জনাব এম. ফকরুল আলম, কমিশনার, কাস্টমস ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিরেক্টরেট, ঢাকা, জনাব মোঃ গোলাম কবীর, কমিশনার, কুমিল্লা টেক্স জোন, কুমিল্লা এবং ড. মো. কাওসার আলী, প্রথম সচিব, ট্যাক্স পলিসি, জাতীয় রাজস্ব বোর্ড। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা এতদসংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতা অর্জনসহ ঐ সমস্ত কর্মকর্তাদের সাথে ব্যক্তিগতভাবে পরিচিত হওয়ার সুযোগ পাবেন, যা প্রতিষ্ঠানের পক্ষে ঐ সমস্ত দপ্তর হতে সেবা পেতে সহায়ক হবে।

উল্লেখ্য, ০৩ মাসের বর্ধিত প্রশিক্ষণের জন্য জনপ্রতি নির্ধারিত ফি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা। সীমিত সিটে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আর্থী প্রতিষ্ঠানের প্যাডে প্রশিক্ষার্থীর নাম, পদবী, মোবাইল এবং ই-মেইল এবং নগদে অথবা পে-অর্ডারে ফিসহ বিজিএপিএমইএ বরাবরে আবেদন আগামী ২০ ফেব্রুয়ারী, ২০২৪ তারিখ মঙ্গলবার এর মধ্যে দাখিল করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য জনাব মো. আব্দুল হালিম (জাহাঙ্গীর), যুগ্ম-সচিব, বিজিএপিএমইএ, মোবাইলঃ ০১৮১৭ ৫৬৪৯৯৩, ই-মেইলঃ bgapmea@gmail.com এ যোগাযোগ করতে হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত
১৫/০১/২৪

(মোহাম্মদ মশিউর রহমান)

উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়

ও

প্রশাসক, বিজিএপিএমইএ।

সংযুক্তিঃ প্রশিক্ষণসূচী।

অনুলিপি (সদস্য অবগতির জন্য):

০১। জনাব মুহিদুজ্জামান জোন্ডার, অফিস সচিব, বিজিএপিএমইএ, ঢাকা।

০২। জনাব মো. মনিরুল ইসলাম, অফিস সচিব, বিজিএপিএমইএ, ঢাকা।

Mobile : 01712 988 982, Email : bgapmea@gmail.com, info@bgapmea.org, Web : www.bgapmea.org

Regional Office: Yahya Tower (4th FL), 335 CDA Avenue, MIM Ali Road, Lalkhan Bazar, Chattogram. Email: bgapmeactregion@gmail.com